West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2010

Part - I (Honours)

বাংলা

প্রথম পত্র

Duration : 4 Hours Maximum Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(বাংলা সাহিত্যের ইতিহাস)

১। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি কোন্ সময়ে রচিত ? কাব্যটি কোন্ শ্রেণির কাব্য ? শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের আলোচনা প্রসঙ্গে বাংলা সাহিত্যে কাব্যটির অবস্থান নির্ণয় করুন । ১ + ১ + ১৩

অথবা

'ধর্মমঙ্গল'কে কেন রাঢ়ের জাতীয় কাব্য বলে অভিহিত করা হয় ? এই কাব্যধারার শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করুন ।

অথবা

মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে প্রণয়মূলক আখ্যানকাব্যগুলির সাহিত্যিক বিশেষত্ব কোনখানে ? প্রসঙ্গত সৈয়দ আলাওলের কবিপ্রতিভার পরিচয় দিন । ৫ + ১০

২। "বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পী বিদ্যাসাগর ।" — রবীন্দ্রনাথের এই মূল্যায়নের পরিপ্রেক্ষিতে বিদ্যাসাগরের অনুবাদ ও বিতর্কমূলক গ্রন্থগুলির পর্যালোচনা করুন । ৭ + ৮

অথবা

উনিশ শতকের বাংলা মহাকাব্যধারার পরিচয় দিন । এই ধারাটি লুপ্ত হয়ে গেল কেন সে সম্পর্কে আপনার অভিমত জানান ।

অথবা

বাংলা নাটকের ইতিহাসে দীনবন্ধু মিত্রের অবদান সম্পর্কে আলোচনা করুন ।

৩। রবীন্দ্র-কাব্যধারায় 'পুনশ্চ' থেকে 'শেষ লেখা' পর্বটির গুরুত্ব কোথায় বুঝিয়ে দিন ।

অথবা

নাট্যকার বিজন ভট্টাচার্য ও তাঁর সৃষ্টি সম্বন্ধে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করুন ।

অথবা

বাংলা ছোটগল্পের ইতিহাসে সুবোধ ঘোষ অথবা প্রেমেন্দ্র মিত্রের অবদান সম্পর্কে আলোচনা করুন ।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন : ১ × ১০ = ১০

ক) মিথিলার কবি বিদ্যাপতিকে বাংলা সাহিত্যের ইতিহাসে অন্তর্ভুক্তির কারণ কী ? প্রসঙ্গত বৈষ্ণব পদসাহিত্যে তাঁর অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন । ৩ + ৭

খ) পত্রিকা সম্পাদক হিসেবে ঈশ্বর গুপ্তের অবদান সম্বন্ধে আলোকপাত করুন ১০

গ) সৈয়দ ওয়ালিউল্লাহ্-এর উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দিন ।

৫। প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে যে-কোনো **তিনটি** গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দিন : ৩ × ৫ = ১৫

(গ্রন্থকারের নাম, গ্রন্থের প্রকরণ, গ্রন্থের বিষয়বস্তু, তাৎপর্য ও ঐতিহাসিক গুরুত্ব নির্দেশ করতে হবে)

ক) চৈতন্য ভাগবত, অন্নদামঙ্গল, শিবায়ন ।

খ) বীরাঙ্গনা কাব্য, প্রফুল্ল, রজনী ।

গ) যোগাযোগ, নারীর মূল্য, দিবারাত্রির কাব্য ।

(বাংলা ভাষার ইতিহাস)

৬। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫

ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা কীভাবে বিবর্তনের মধ্য দিয়ে অন্যতম নব্যভারতীয় আর্যভাষা হিসাবে বাংলা ভাষার জন্ম দিয়েছে, সংক্ষেপে তার পরিচয় দিন । ১৫

খ) উপভাষা কাকে বলে ? একই ভাষার বিভিন্ন উপভাষা কীভাবে স্বাতন্ত্র্য লাভ করে তা ব্যাখ্যা করুন । বাংলা ভাষার প্রধান প্রধান উপভাষাগুলির নাম করে যে-কোনও দুটির ভাষাতাত্ত্বিক পরিচয় দিন ।

২ + ৩ + ২ + ৪ + ৪

গ) ধ্বনি পরিবর্তনের প্রধান কারণগুলি উদাহরণ সহযোগে ব্যাখ্যা করুন ।

যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১ × ১৫ = ১৫

ক) উপযুক্ত উদাহরণসহ যে কোনো **পাঁচটির** সংজ্ঞা নির্দেশ করুন ঃ

অপিনিহিতি, মূর্ধন্যীভবন, সমীভবন, আদিস্বরলোপ, জোড়কলম শব্দ, শ্রুতিধ্বনি, নাসিক্যীভবন ।

খ) যে কোনো **পাঁচটি** শব্দের ভাষাতাত্ত্বিক টীকা লিখুন ঃ ৫ × ৩ = ১৫

আঠারো, ডুমুর, এয়ো, পালকি, দিয়াশলাই, আস্তাবল, মাসি, ইঁদারা ।

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2010

Part - I (Honours)
বাংলা
দ্বিতীয় পত্র

Duration : 4 Hours Maximum Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

১। রোমান্স-এর সংজ্ঞা দিন। রোমান্স ও উপন্যাসের পার্থক্য নির্ণয় করুন। একটি সার্থক বাংলা রোমান্সজাতীয় উপন্যাসের শিল্প-বৈশিষ্ট্য আলোচনা করুন। ৩ + ৫ + ১২

যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ

ক) ছোটগল্পের সংজ্ঞাসহ গঠনবৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করুন। এই নিরিখে একটি সার্থক ছোটগল্পের পরিচয় দিন। ৭ + ৩

খ) মনস্তাত্ত্বিক উপন্যাস বলতে কী বোঝেন ? এই শ্রেণির একটি উপন্যাসের সাহায্যে তা বুঝিয়ে দিন।

গ) সামাজিক উপন্যাস ও রাজনৈতিক উপন্যাসের মধ্যে পার্থক্য কী ? রাজনৈতিক প্রসঙ্গ থাকলেও যে তা সামাজিক উপন্যাস হতে পারে, একটি উল্লেখযোগ্য বাংলা উপন্যাস অবলম্বনে তা প্রতিষ্ঠিত করুন। ৫ + ৫

ঘ) ইতিহাস উপন্যাস নয়, অন্যদিকে ঐতিহাসিক উপন্যাসও ইতিহাস নয় — একথা মনে রেখে উপযুক্ত দৃষ্টান্তসহ ঐতিহাসিক উপন্যাসের স্বরূপ বুঝিয়ে দিন। ১০

২। ক) চন্দ্রশেখরের নামে উপন্যাসের নামকরণ হলেও চন্দ্রশেখরকে উপন্যাসের নায়ক চরিত্রের মর্যাদা দেওয়া যায় কিনা যুক্তিসহ আলোচনা করুন।

অথবা

'চন্দ্রশেখর' উপন্যাসের 'উপক্রমণিকা' অংশেই প্রতাপ চরিত্রের পরিণতির বীজ লুকিয়ে আছে — সূচনা থেকে পরিণতি পর্যন্ত বিস্তারে চরিত্রটি সম্পর্কে এই মন্তব্য সুপ্রযোজ্য কিনা বিচার করুন। ১৫

খ) " 'শেষের কবিতা' যেন উপন্যাস ও কবিতার জড়োয়া শিল্প ।" — আলোচনা করুন । ১৫

অথবা

'শেষের কবিতা' উপন্যাসে অমিত-র চরিত্রাঙ্কনে রবীন্দ্রনাথ সর্বথা বাস্তবতার রীতি অনুসরণ করেন নি । — এই অভিমতটি গ্রহণযোগ্য কিনা বিচার করুন । ১৫

গ) 'শ্রীকান্ত' উপন্যাসের প্রথম পর্ব অবলম্বনে হাস্যরস সৃষ্টিতে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করুন । ১৫

অথবা

জীবনের অভিজ্ঞতা বর্ণনায় শ্রীকান্ত একজন নির্লিপ্ত ও নিরপেক্ষ দ্রষ্টা । — শ্রীকান্ত চরিত্রটি বিশ্লেষণ প্রসঙ্গে মন্তব্যটির যৌক্তিকতা নির্ণয় করুন । ১৫

ঘ) 'হাঁসুলি বাঁকের উপকথা'র কথক সুচাঁদ, তাই সে উপকথাকে 'হিয়ে'তে রাখে । — আলোচনা করুন । ১৫

অথবা

'হাঁসুলি বাঁকের উপকথা' উপন্যাসের নামকরণের পেছনে 'উপকথা'র কতখানি প্রভাব আছে বুঝিয়ে দিন । ১৫

৩। ক) "এ সময়ে তোমার হাসি আমার সহ্য হয় না ।" — কে, কাকে বলেছে ? প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করুন । ১ + ১ + ৩

অথবা

"মনে মনে কহিল যে, এ দোসরা চাঁদ সুলতানা ।" — মনে মনে কে একথা বলল ? 'দোসরা চাঁদ সুলতানা' কে ? একথা ভাবার কারণ কী ? ১ + ১ + ৩

খ) "এ যেন অম্বুরি তামাকের হালকা ধোঁওয়া, জলের ভিতর দিয়ে পাক খেয়ে আসছে — নিকোটিনের ঝাঁঝ নেই, আছে গোলাপজলের স্নিগ্ধ গন্ধ ।" — এই অনুভূতির কথা কে, কোথায় লিখেছে ? প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃত অংশের তাৎপর্য নির্দেশ করুন । ১ + ১ + ৩

অথবা

"কোন্ পার্সিয়ান ফিলজফার তার পাগড়ি চোরের সন্ধান না পেয়ে শেষে গোরস্থানে এসে বসেছিল । বলেছিল পালাবে কোথায় ?" — কার উক্তি ? উপন্যাস-ঘটনায় উক্তিটির প্রাসঙ্গিকতা নির্দেশ করুন । ১ + ৪

গ) "তোমাদের যে মেয়েটিকে কুলত্যাগিনী বলিয়া জানিয়া রাখিয়াছ, সকালবেলায় একবার তাঁর নামটাই লইও — অনেক দুষ্কৃতির হাত এড়াইতে পারিবে ।"

মন্তব্যটি কার ? 'মেয়েটি' কে ? মেয়েটির সম্পর্কে এই মনোভাবের কারণ কী ? ১ + ১ + ৩

অথবা

"হঠাৎ বন্ধুর মা অভ্রভেদী হিমাচলের ন্যায় পথ রুদ্ধ করিয়া রাজলক্ষ্মী ও আমার মাঝখানে আসিয়া দাঁড়াইয়াছে ।"

'বন্ধুর মা' কে ? উদ্ধৃত অংশটি অবলম্বনে 'বন্ধুর মা' সম্পর্কে বক্তার এই মন্তব্যের তাৎপর্য ব্যাখ্যা করুন ।

১ + ৪

ঘ) "মুরুব্বি কত্তার পুজোটা সব আমাকে দিয়ো গো । সে হা হা করে হাসতে লাগল ।"

— বক্তা কে ? 'কত্তা' বলতে কাকে বোঝানো হয়েছে ? বক্তার এই 'হা হা' হাসির তাৎপর্য বিশ্লেষণ করুন ।

১ + ১ + ৩

অথবা

"যে গড়ে ভাই সেই ভাঙে রে, যে ভাঙে ভাই সেই গড়ে ; —

ভাঙাগড়ার কারখানাতে, তোরা দেখে আয় রে উঁকি মেরে ।"

গানটি কে গেয়েছে ? উপন্যাস-অংশে গানটির প্রাসঙ্গিকতা নির্দেশ করুন । ১ + ৪